

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা)  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.dot.gov.bd](http://www.dot.gov.bd)

নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০১২.১৬. ১০৩

তারিখ: ২৮/০৫/২০১৮ ইং।

অপর পৃষ্ঠায় বর্ণিত বিষয়ে সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

(মোঃ আপ্তাব উদ্দিন) ২৮/০৫/১৮

সহকারি পরিচালক (কারিগরি)

এম আই শাখা

মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তরের পক্ষে।

ফোনঃ ৫৫০১৩২৮৩।

email: aptabuddin@gmail.com

- ০১। প্রকল্প পরিচালক, “০৪ টি টেক্সটাইল ইন্সটিটিউট স্থাপন প্রকল্প”, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ০২। অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, খুলনা (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানটি পরিদর্শনের যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০৩। উপ-পরিচালক(প্রশাসন), বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। জনাব মোঃ সাইফুল ইসলাম, লাইব্রেরিয়ান, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

তারিখঃ ২৭-০৫-২০১৮ খ্রিঃ

স্মারক-নং- ৫৭.১৭.০০০০.২০৭.৩১.০০৭.১৭-১১


## অফিস আদেশ

ডিপ্লোমা-ইন-টেস্টাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের নিম্নবর্ণিত সরকারী প্রতিষ্ঠানে পাঠদানের জন্য বাস্তব সুবিধা ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়াদি (বোর্ড কর্তৃক প্রণীত নীতিমালা অনুযায়ী) সরেজমিনে পরিদর্শন করে সংযুক্ত হক অনুযায়ী একটি প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে পরিদর্শন টিম গঠন করা হল।  
পরিদর্শনকারী কর্মকর্তাদেরকে প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উক্ত পরিদর্শনের জন্য প্রচলিত নিয়ম অনুসারে বোর্ড হতে টিএ/ডিএ প্রদান করা হবে।

ক্রঃ নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	পরিদর্শনের বিষয়	প্রার্থিত টেকনোলজি	পরিদর্শন টিম	মন্তব্য
১	টেস্টাইল ইন্সটিটিউট, খুলনা। গ্রাম/সড়কঃ বিশ্বরোড মোড়, পোঃ জলমা, উপজেলাঃ বটিয়াঘাটা, জেলাঃ খুলনা।	প্রাথমিক পাঠদান (স্বতন্ত্র-নুতন)	১। টেক্সটাইল	১। অধ্যক্ষ/অধ্যক্ষ মনোনীত প্রতিনিধি (চীফ ইন্সট্রাক্টরের নীচে নহে), খুলনা পলিটেকনিক ইন্সটিটিউট, খুলনা। ২। সুপারিনটেনডেন্ট, টেস্টাইল ভোকেশনাল ইন্সটিটিউট, গল্লামারি, খুলনা। ৩। জনাব মোঃ আব্দুল হান্নান, উপ পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	১৫-০৬-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে পরিদর্শন প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হল।

### প্রাথমিক পাঠদানের শর্তসমূহঃ

- প্রতিষ্ঠানের নামে মেট্রোপলিটন/পৌর এলাকায় ১০ শতাংশ এবং অন্যান্য এলাকায় ১৫ শতাংশ অখন্ড জমির দলিল ও নামজারি থাকতে হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় ডকুমেন্ট প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- নীতিমালা অনুযায়ী কম্পিউটার ল্যাবসহ অন্যান্য ল্যাব ও প্রয়োজনীয় অবকাঠামো থাকতে হবে। লে-আউট প্ল্যানসহ ডকুমেন্ট সংযুক্ত করতে হবে।
- ল্যাবসমূহে প্রয়োজনীয় যন্ত্রপাতি সজ্জিত থাকতে হবে। যন্ত্রপাতি ক্রয়ের ভাউচার সংযুক্ত করতে হবে।
- প্রয়োজনীয় আসবাবপত্র ও শিক্ষা উপকরণ থাকতে হবে। তালিকা সংযুক্ত করতে হবে।
- প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে ব্যক্তি নামের প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২০ লক্ষ এবং সাধারণ/স্থানের নামের প্রতিষ্ঠানের ক্ষেত্রে ১০ লক্ষ টাকা (FDR) আছে কি না, মূল কপি যাচাই পূর্বক প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।
- প্রতিষ্ঠানের সাধারণ তহবিলে ৩ লক্ষ টাকা আছে কি না, তার প্রমাণপত্র (ব্যাংক স্টেটমেন্ট) সংযুক্ত করতে হবে।
- প্রতিষ্ঠানের নামে বৈধ বিদ্যুৎ সুবিধা থাকতে হবে। সর্বশেষ বিলের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- বোর্ড অনুমোদিত বিদ্যমান অনুরূপ প্রতিষ্ঠান হতে প্রস্তাবিত প্রতিষ্ঠানের মধ্যে মেট্রোপলিটন/শিল্প/পৌর এলাকার ক্ষেত্রে ন্যূনতম ২ কিমি এবং অন্যান্য স্থানের ক্ষেত্রে ন্যূনতম ৫ কিমি দূরত্ব থাকতে হবে। যাচাইপূর্বক যথাযথ কর্তৃপক্ষের প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।
- প্রতিষ্ঠান এলাকার জনসংখ্যা ন্যূনতম ২ লক্ষ হতে হবে। যাচাইপূর্বক যথাযথ কর্তৃপক্ষের প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।
- প্রতিষ্ঠানে সবসময় ইন্টারনেট কানেকশন সহ কম পক্ষে ২০টি চালু কম্পিউটার থাকতে হবে।




(মোঃ আজহারউজ্জামান)  
পরিচালক (কারিকুলাম)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
ফোনঃ ০২-৯১৪০৬৪৬

তারিখঃ ২৭-০৫-২০১৮ খ্রিঃ

স্মারক-নং- ৫৭.১৭.০০০০.২০৭.৩১.০০৭.১৭-১১(৯)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, খুলনা পলিটেকনিক ইন্সটিটিউট, খুলনা।
- ৫। অধ্যক্ষ, টেক্সটাইল ইন্সটিটিউট, খুলনা।
- ৬। জনাব মোঃ আব্দুল হান্নান, উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। সুপারিনটেনডেন্ট, সরকারী টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট, গল্লামারি, খুলনা।
- ৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। নথি।

  
(কৃষিবিদ মোঃ মোস্তফা কামাল)  
কারিকুলাম বিশেষজ্ঞ (কৃষি) টেক্সটাইল অঃ দঃ  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।